অনুপম চন্দ্র দাস, সহকারীপরিদর্শকউপজেলা সমবায় অফিস,সেনবাগ নোয়াখালীকর্তৃক সেনবাগ ১নং ছাতার পাইয়া ২ নং কেশাড় পাড় ইউনিয়নমুক্তিযোদ্ধা কল্যানও পূর্ণবাসনবহুমুখী সমবায় সমিতি লিঃ এর পরিদর্শন প্রতিবেদন।

০১। সমিতির নাম : ১ নং ছাতার পাইয়া ২ নং কেশাড় পাড় ইউনিয়নমুক্তিযোদ্ধা কল্যানও পূর্ণবাসনবহুমুখী সমবায় সমিতি লিঃ

০২। সমিতির ঠিকানা : মোকামঃ ছাতারপাইয়া,পোঃ ছাতারপাইয়া উপজেলা- সেনবাগ, জেলা- নোয়াখালী।

০৩। সমিতির রেজি নং ও তারিখ : নং-১৩/৯৮ (নোয়া) তারিখ ঃ ০৫-০৮-১৯৯৮ খ্রিঃ।

০৪। সমিতির সভ্য নির্বাচনীএলাকা : ১নংছাতারপাইয়াও২নংকেশাড়পাড়ইউনিয়নেরমধ্যে

০৫। সমিতির বর্তমান ব্যবস্থাপনা কমিটির কর্মকর্তাদের নাম ,পদবী ও নির্বাচনের তারিখ :

| ক্রঃ নং | নাম | পদবী | নির্বাচিতহওয়ারতারিখ |
|---|---|---|---|
| ০১ | জনাবতোফাজ্জলহোসেন | সভাপতি | ২৫/১০/২০২৩খ্রি |
| ০২ | জনাবমোস্তাফিজুররহমান | সহ-সভাপতি | ঐ |
| ০৩ | জনাবআবদুলহক | সম্পাদক | ঐ |
| ০৪ | জনাবজয়নালআবেদীন | সদস্য | ঐ |
| ০৫ | জনাবআবুলকাসেম | সদস্য | ঐ |
| ০৬ | জনাবহাজীআবুলকালাম | সদস্য | ঐ |

০৬ । সমিতির বর্তমান ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের তারিখ : ২৫/১০/২০২৩খ্রি,
০৭। নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির প্রথম সভার তারিখ : ২৬/১০/২০২৩খ্রি,
০৮। সমিতির বার্ষিক সাধারণ সভার তারিখ : হয়নি
০৯। অনুমোধিত শেয়ার মুলধন : ২০,০০,০০০ টাকা
১০। সমিতির সদস্য সংখ্যাঃ : ৩৩জন।
১১।সমিতির পরিদর্শন কর্মকতার নাম ও পদবী :অনুপমচন্দ্রদাস,সহকারী পরিদর্শক উপজেলা সমবায় অফিস, সেনবাগ নোয়াখালী।
১৫। সমিতি পরিদর্শনের তারিখ : ২৮/০১/২০২৫খ্রি,
১৬। সমিতির শেয়ার মূলধন : ৪৬০০.০০টাকা
১৭। সঞ্চয় আমানতের পরিমাণ :২০৪৫০.০০ টাকা
১৯। হাল সনে নীট লাভ (২০২৩-২০২৪) : ৪০০ .০০ টাকা

# <u>পরিদর্শন প্রতিবেদন</u>

অদ্য ২৮/০১/২০২৫খ্রি. তারিখে ১ নং ছাতার পাইয়া ২ নং কেশাড় পাড় ইউনিয়নমুক্তিযোদ্ধা কল্যান ও পূর্ণবাসনবহুমুখী সমবায় সমিতি লিঃপরিদর্শন করি।

**১।সমিতির উপ-আইন-**

সমিতির নিবন্ধিত উপ-আইন, বর্তমান সমবায় সমিতি আইন২০০১, সংশোধন ২০০২ ও সংশোধন ২০১৩ এর সাথে সংগতি পুর্ণ নয়। তাই বর্তমান আইনের সাথে সংগতি রেখে সমিতির নিবন্ধিত উপ-আইন সংশোধন করে নেয়ার জন্য ব্যাবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া গেল।

**২.সমিতির সদস্য সংখ্যাঃ**

পরির্দশন তারিখ পর্যন্ত সমিতির সদস্য সংখ্যা ৫৩ জন। দেখাযায়। সমবায়েআগ্রহী ও এলাকার যোগ্যতাসম্পন্ন ব্যক্তিবর্গকে সমিতিতে সদস্যভুক্ত করারএবং সভ্য তালিকাবহিযথাযথ ভাবেসংরক্ষণকরারপরামর্শ দেয়া হল।

**৩.ব্যবস্থাপনা কমিটিঃ**

সমিতির ০৬(ছয়) সদস্য বিশিষ্ট ব্যাবস্থাপনা কমিটি দ্বারা পরিচালিত হচ্ছে। ব্যাবস্থাপনা কমিটিও নির্বাচন ঃ সমিতির রেজুলেশানবহিপর্যালোচনান্তে দেখাযায় যে, বর্তমানব্যবস্থাপনাকমিটিরনির্বাচন২৫/১০/২০২৩খ্রি,এবং প্রথমসভা২৬/১০/২০২৩খ্রি,তারিখে অনুষ্ঠিতহয়। উক্ত কমিটির মেয়াদ ২৫/১০/২০২৬খ্রি.তারিখেউত্তীর্ণ হয়েছে। উল্লেখিততারিখেঅনুষ্ঠিতনির্বাচনেনির্বাচিতব্যবস্থাপনাকমিটিরমাধ্যমে সমিতিরসার্বিককার্যক্রম পরিচালিতহচ্ছে। উক্ত সময় সীমার মধ্যে সমবায় সমিতি বিধিমালা/০৪ মোতাবেক নির্বাচন অনুষ্ঠানের জন্য পরামর্শ দেয়া গেল।

**৪.বার্ষিক সাধারণ সভাঃ**

সমিতির সর্বশেষ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়নি। বর্তমান সংশোধিত সমবায় সমিতি আইন/১৩ এর ১৭(৩) ধারা অনুযায়ী সমিতির নিরীক্ষা কাজ শেষহওয়ার ৬০(ষাট) দিনের মধ্যে নির্ধারিত পদ্ধতিতে বার্ষিক সাধারণ সভাআহবান করতে হবে এবং উক্ত সভায় বাজেট, আয়-ব্যয়ের হিসাব অনুমোদন, প্রকল্প গ্রহণ, কর্জ গ্রহণ ও দাদনের সর্বোচ্চ সীমা নির্ধারণ, মুনাফা বিতরণ ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধন্ত নেয়ার জন্য এবং বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমীপে দাখিল করা জন্য ব্যাবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া গেল।

**৫। ব্যবস্থাপনা কমিটির সভাঃ**

২০২৩-২৪ খ্রিঃ আর্থিক বছরে সমিতিতে ব্যবস্থাপনা কমিটির ০৫টি সভা অনুষ্ঠিত হয়েছে। সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ৪২(২) বিধি মোতাবেক প্রতি মাসে কম পক্ষে ১টি সভা অনুষ্টান এবং সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য পরামর্শ দেয়া গেল।

**৬.শেয়ার মুলধনঃ**

অলোচ্য সমিতির অনুমোদিত শেয়ার মূলধনের পরিমান ২০,০০,০০০ টাকা। শেয়ারসংখ্যা ঃ ২০,০০০টি। নামীকমূল্য ঃ ১০০ টাক ।অংশে বিভক্ত। পরিদর্শনকালীন তারিখ পর্যন্ত ৪৬০০.০০টাকা শেয়ার মূলধন ।আলোচ্য সনে কোন শেয়ার বিক্রয় করা হয় নি। শেয়ার বিক্রয় করার এবং সদস্য গণকে শেয়ার সার্টিফিকেট প্রদান করার জন্য পরামর্শ দেয়া হল।

**৭. সঞ্চয়আমানতঃ**

পরিদর্শনকালীন সময় পর্যন্ত আদায়কৃত সঞ্চয় আমানত ২০৪৫০/-টাকা।সদস্যগণকে আমানতের পাশ বই বিতরণ করার জন্য পরামর্শ দেয়া হল। সদস্যগণ হতে নিয়মিত সঞ্চয় আমানত আদায়পূর্বক সমিতির মূলধন বৃদ্ধি

করতে এবং উক্ত টাকা যথাযথভাবে বিনিয়োগ করতে ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হল। তা'ছাড়া সমবায় সমিতি বিধিমালা'২০০৪ এর ৬৭ বিধি মোতাবেক সমিতি উহার সংগৃহিত আমানতের উপর নিম্নবর্ণিত হারে লিকুইডকভার সংরক্ষণ করতে হবে যা অতি সহজে নগদ অর্থে রূপান্তর করা যায়।

ক) পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে ফেরৎ প্রদান যোগ্য স্থায়ী আমানতের ২০ (বিশ) শতাংশ।

খ) সঞ্চয়ী আমানতের ২৫ (পঁচিশ) শতাংশ।

গ) চলতি হিসাবের ৫০ (পঞ্চাশ) শতাংশ।

৮.**ব্যাংকহিসাবঃ**

সমিতির নামে ১ টি বাংলাদেশ কৃষি ব্যাংক কতুবের হাট শাখা হিসাব নং-২৯২৭ চালু আছে। সমিতির যাবতীয় লেনদেন ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা করার জন্য পরামর্শ দেয়া গেল।

১০**বিনিয়োগঃ**বার্ষিক ৫(পাঁচ লক্ষ) টাকার অধিক বিনিয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ৪৬(২) বিধিমতে নিবন্ধক অর্থাৎ জেলা সমবায় অফিসার নোয়াখালী মহোদয়েরপূর্বানুমোদন গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া গেল।

১১.**উন্নয়ন মুলক প্রকল্প গ্রহণঃ**

সমিতির স্থায়ী সম্পদ বৃদ্ধির লক্ষে বিভিন্ন উন্নয়ন মুলক পরিকল্পনা গ্রহণকরতে হবে। স্থায়ী সম্পদ সংগ্রহ বা ক্রয়ের ক্ষেত্রে অবশ্যই সমিতির নামে সংগ্রহ করতে হবে।এ-ব্যপারে ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া গেল।

১২.**তারল্য তহবিলঃ**

সমিতিতে তারল্য তহবিল সংরক্ষণ নেই দেখা যায়, সমিতির উপ-আইনের বিধান এবং সমবায় সমিতি বিধিমালা/০৪এর ৬৭ বিধি মতেতারল্য তহবিল সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া গেল।

১৩.**নীট লাভ/ক্ষতিঃ**

সমিতির ২০২৩ -২০২৪ খ্রিঃসনেরলাভ-ক্ষতিহিসাবপরীক্ষান্তে দেখাযায় যে, বর্তমান অর্থবছরেসমিতির ম ৎ১১২১টাকা নীটলাভহয়েছে। সমিতিরযাবতীয়খরচেআরো কৃচ্ছ্রতাসাধনকরেএবংনিবন্ধিত উপ-আইন মোতাবেকসমিতিতে ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্পগ্রহণ ও বাস্তবায়নেরমাধ্যমে এটিকেএকটিলাভজনকপ্রতিষ্ঠানেউন্নীতকরারজন্য পরামর্শ দেয়া হল।

১৪.**মজুদ তহবিলঃ**

পরিদর্শন কালীন তারিখে সমিতির জমা-খরচ বহি অনুযায়ী হস্তে মজুত তহবিল ১৩৪৪০/-টাকা।জমা খরচ বহি দৈনন্দিন লেনদেন শেষে হাল নাগাদ লিপিবদ্ধ করার এবং অধিক পরিমাণ টাকা হাতে না রেখে সমিতির নামে ব্যাংক হিসাব খুলে উক্ত টাকা জমা রাখতে পরামর্শ দেয়া হল।

**১৫সমাপনী মন্তব্যঃ-**

সমিতির কার্যক্রম মোটামুটি সন্তোষজনক। সততা, দক্ষতা ও আন্তরিকভাবে সমবায় সমিতি আইন, বিধি ও সমিতির উপ-আইন অনুযায়ী কার্যক্রম চালিয়ে গেলে সমিতি আরো উন্নতি ও টেকসই উন্নয়ন সম্ভব হবে।

১৬.**পরামর্শ সমুহঃ**

- সদস্য রেজিষ্টার বহির সকল কলাম পূরন করতে হবে।
- নির্দ্দিষ্ট সময়ে বার্ষিক সাধারণ সভা করতে হবে ।
- সদস্যদের মধ্যে শেয়ার সাটিফিকেটসরবরাহ করতে হবে।

- বার্ষিক ৫(পাঁচ)লক্ষ টাকার অধিক বিনিয়োগের ক্ষেত্রে বাজেট নিবন্ধক মহোদয়ের অনুমোদন নিতে হবে ।
- জমাকৃত সঞ্চয় আমানতের ৮০% এর অধিক ঋণ বিনিয়োগ করা যাবেনা।
- হস্তেমজুত তহবিলের টাকা ব্যাংক হিসাবে জমা করতে হবে ।

(অনুপম চন্দ্র দাস)
সহকারীপরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
সেনবাগ ,নোয়াখালী।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১) সভাপতি/ সম্পাদক, ১ নং ছাতার পাইয়া ২ নং কেশাড় পাড় ইউনিয়নমুক্তিযোদ্ধা কল্যানও পূর্ণবাসনবহুমুখী সমবায় সমিতি লিঃ।গ্রাম/মোকাম-ছাতারপাইয়া,পো-, ছাতারপাইয়া উপজেলা- সেনবাগ, জেলা- নোয়াখালী। তাঁকে উক্ত পরিদর্শন প্রতিবেদনেরউপর বাস্তবায়ন প্রতিবেদন পত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উপজেলা সমবায় অফিসের মাধ্যমে দাখিল করার জন্যবলা হল।

০২) উপজেলা সমবায় অফিসার, সেনবাগ, নোয়াখালী ।

০৩) জেলা সমবায় অফিসার , নোয়াখালী।

০৪) অফিস কপি।

(অনুপম চন্দ্র দাস)
সহকারীপরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
সেনবাগ ,নোয়াখালী